



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা শিক্ষা অফিসারের কার্যালয়
সিরাজগঞ্জ



E-mail: deosirajgonj@gmail.com
www.deo.sirajganj.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০২.৮৮০০.০০০.৬০.০০১.২১.২১

তারিখ: ২৩ শ্রাবণ ১৪২৮

০৭ আগস্ট ২০২১

বিষয়: সহকারী প্রধান শিক্ষক, পরিচ্ছন্নতা কর্মী ও নৈশপ্রহরী ০৩ (তিনটি) পদে নিয়োগের নিমিত্তে
নিয়োগ বোর্ডে ডিজি মহোদয়ের প্রতিনিধি মনোনয়ন প্রসঙ্গে।

সূত্র: প্রধান শিক্ষকের ০৪/০৮/২০২১ তারিখের আবেদন।

সিরাজগঞ্জ জেলার সদর উপজেলাধীনহরিণা বাগবাটা উচ্চ বিদ্যালয়ে শূন্য পদে সহকারী প্রধান শিক্ষক, পরিচ্ছন্নতা কর্মী ও নৈশপ্রহরী ০৩ (তিনটি) পদে নিয়োগের নিমিত্তে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান নিয়োগ বোর্ডে ০১ জন ডিজি'র প্রতিনিধি মনোনয়নের জন্য প্রয়োজনীয় কাগজপত্রাদিসহ অত্রাফিসে আবেদনপত্র দাখিল করেছেন। দাখিলকৃত কাগজাদি যাচাই অস্ত্রে দেখা যায় যে, স্কুলটি সিরাজগঞ্জ জেলার সদর উপজেলায় অবস্থিত। প্রতিষ্ঠানটির এমপিও কোড নং-৮২০৭০৩১০০১। প্রতিষ্ঠানে অনুমোদিত শিক্ষক পদ সংখ্যা ২৩ জন এবং কর্মচারি সংখ্যা ০৬ জন। কর্মরত শিক্ষক সংখ্যা ১৫ জন এবং কর্মচারী ০২ জন হওয়ায় সংশ্লিষ্ট পদের প্রাপ্যতা রয়েছে। বিদ্যালয়টি মাধ্যমিক স্তরে এমপিও ভুক্ত। উপরন্তু হালনাগাদ কমিটি ও স্বীকৃতি রয়েছে। ফলে প্রচলিত বিধি অনুসারে সহকারী প্রধান শিক্ষক, পরিচ্ছন্নতা কর্মী ও নৈশপ্রহরী পদের প্রাপ্যতা যথাযথ থাকায় মহাপরিচালক, মাউশি, বাংলাদেশ, ঢাকামহোদয়ের পক্ষে ৪ নং কলামে বর্ণিত কর্মকর্তাকে নিয়োগবোর্ডে ডিজির প্রতিনিধি হিসেবে মনোনয়ন দেওয়া হলো।

ক্র: নং	প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা	পদের নাম ও সংখ্যা	ডিজির প্রতিনিধির পদবী ও ঠিকানা
০১	হরিণা বাগবাটা উচ্চ বিদ্যালয় ডাকঘর: বাগবাটা উপজেলা: সদর জেলা: সিরাজগঞ্জ	০১। সহকারী প্রধান শিক্ষক-০১জন ০২। পরিচ্ছন্নতা কর্মী-০১জন ০৩। নৈশপ্রহরী-০১জন	প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত) বি, এল সরকারি উচ্চ বিদ্যালয়, সিরাজগঞ্জ

অনুসরণীয় নীতিমালা:

- ০১। ২৮/০৩/২০২১ তারিখের ৩৭.০০.০০০০.০৭৪.০৩০.০০১.২০১৭ (অংশ-১).১২১ সংখ্যক স্মারক নম্বর শিক্ষা মন্ত্রণালয়ের পরিপত্র অনুসরণ করতে হবে।
- ০২। এমপিও ভুক্তির সকল শর্ত পূরণ না হলে শুধু এই নিয়োগ এমপিও ভুক্তির নিশ্চয়তা বহন করে না।
- ০৩। এই নিয়োগের ক্ষেত্রে মহাপরিচালক মহোদয়ের উপর কোন দায় দায়িত্ব বর্তাবে না।
- ০৪। সংশ্লিষ্ট নিয়োগের তারিখ মহাপরিচালক, মাউশি অধিদপ্তর এবং অত্র দপ্তর কে অবহিত করতে হবে।
- ০৫। নিয়োগের সময় মহানগর ও জেলা সদরের পৌর এলাকায় ৪০% ও অন্যান্য এলাকায় ২০% মহিলা কোটা পূরণ করতে হবে এবং এতদসংক্রান্ত শিক্ষা মন্ত্রণালয়ের সকল আদেশ অনুসরণ করতে হবে।
- ০৬। নিয়োগের ক্ষেত্রে সরকারের বিধি বিধান যথাযথভাবে পালিত হচ্ছে কি-না সে বিষয়ে মহাপরিচালক মহোদয়ের প্রতিনিধি কে বিশেষভাবে সতর্ক থাকতে হবে। এতদসংক্রান্ত বিষয়ে কোন অনিয়ম পরিলক্ষিত হলে মনোনীত ডিজির প্রতিনিধিই ব্যক্তিগত ভাবে দায়ী থাকবেন।
- ০৭। যাচাই- বাছাই কমিটিতে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার থাকবেন। কোন প্রকার সমস্যার সম্মুখীন হলে মাউশি অধিদপ্তরের বিশেষ শাখার সহকারী পরিচালক (১৫৫৬০৪১ অথবা উপ-পরিচালক (মাধ্যমিক) এর সাথে যোগাযোগ করতে পরামর্শ দেয়া হলো।
- ০৮। পত্রিকায় প্রকাশিত সর্বশেষ বিজ্ঞপ্তির তারিখ হতে নিয়োগতব্য শিক্ষক-কর্মচারীর কাম্য শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা স্পষ্ট উল্লেখ করা হয়েছে কি-না তা যাচাই সহ ০৬ (ছয়) মাসের মধ্যে নিয়োগ সংক্রান্ত সকল কার্য সুসম্পন্ন করতে হবে।
- ০৯। নতুনধারী শিক্ষকদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে এবং পূর্বর্তী প্রতিষ্ঠান প্রধানের নিকট থেকে N.O.C নিতে হবে।
- ১০। নিয়োগতব্য পদের বিপরীতে বা কমিটির বিরুদ্ধে মামরা বিচারধীনসহ নিয়োগে নিষেধাজ্ঞা থাকলে নিয়োগ পরীক্ষা গ্রহণ করা যাবে না।
- ১১। প্রতিষ্ঠানের হাল নাগাদ অনুমোদিত কমিটি ও স্বীকৃতি না থাকলে নিয়োগ পরীক্ষা গ্রহণ করা যাবে না।
- ১২। মহাপরিচালক, মাউশি, ঢাকা মহোদয়ের প্রতিনিধিকে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে গিয়ে পরীক্ষা গ্রহণ করতে হবে।

(Signature)

৭-৮-২০২১

মো: শফী উল্লাহ

জেলা শিক্ষা অফিসার, সিরাজগঞ্জ

প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত) বি, এল সরকারি উচ্চ বিদ্যালয় সিরাজগঞ্জ

স্মারক নম্বর: ৩৭.০২.৮৮০০.০০০.৬০.০০১.২১.২১/১

তারিখ: ২৩ শ্রাবণ ১৪২৮

০৭ আগস্ট ২০২১

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিত হলো :

- ১) মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ২) উপজেলা নির্বাহী অফিসার, সদর সিরাজগঞ্জ।
- ৩) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সদর, সিরাজগঞ্জ তাঁকে নিয়োগ বোর্ড/নির্বাচনী বোর্ড অনুষ্ঠিত হওয়ার

পূর্বেই ডিজির প্রতিনিধির সাথে যোগাযোগ করে প্রার্থীদের আবেদন যাচাই এবং অভিজ্ঞতা ,সনদপত্র সংশ্লিষ্ট বিধি মোতাবেক যাচাই করে বোর্ড গঠনের তারিখ নির্ধারণ পূর্বক ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো ।

৪) সভাপতি, হরিণা বাগবাটা উচ্চ বিদ্যালয় ডাকঘর: বাগবাটা উপজেলা :সদর জেলা : সিরাজগঞ্জ ।

৫) প্রধান শিক্ষক, হরিণা বাগবাটা উচ্চ বিদ্যালয় ডাকঘর: বাগবাটা উপজেলা :সদর জেলা : সিরাজগঞ্জ ।

৬) সংরক্ষণ নথি ।



৭-৮-২০২১

মো: শফী উল্লাহ
জেলা শিক্ষা অফিসার, সিরাজগঞ্জ